# জয়পুরহাট পৌরসভা
# জয়পুরহাট

স্মারক নং- জঃপৌঃসঃ/সাধাঃ/২০১৯-২০২০/ ২২২/১(০৬) তারিখ ঃ ১৪/৬/২০২০

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার শহর সমন্বয় কমিটির (TLCC) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, উক্ত কমিটির সভা ১৭/০৬/২০২০খ্রিঃ তারিখ-রোজ-বুধবার সকাল-১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ।
২। নগর পরিচালন উন্নতিকরণ কর্মসূচী (UGIAP) কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
৩। পৌরসভার অন্যান্য উন্নয়ন প্রকল্পের কাজ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
৫। পৌর এলাকায় করোনা ভাইরাস (COVID-19) সম্পর্কে আলোচনা।
৬। বিবিধ।

মেয়র
জয়পুরহাট পৌরসভা
ও চেয়ারপার্সন
শহর সমন্বয় কমিটি (TLCC)
জয়পুরহাট পৌরসভা
টেলিফোন নং ০৫৭১-৬২৩১১।
mayorjoypurhat@yahoo.com

১৪/৬/২০

স্মারক নং- জঃপৌঃসঃ/সাধাঃ/২০১৯-২০২০/ ২২২/১(০৬) তারিখ ঃ ১৪/৬/২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, UGIIP-III, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। টিম লিডার, জিআইসিডি, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪। রিজিওনাল কো-অর্ডিনেটর, বগুড়া।
৫। অফিস নথি।

মেয়র
জয়পুরহাট পৌরসভা
ও চেয়ারপার্সন
শহর সমন্বয় কমিটি (TLCC)
জয়পুরহাট পৌরসভা
টেলিফোন নং ০৫৭১-৬২৩১১।
mayorjoypurhat@yahoo.com

১৪/৬/২০

## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)
## জয়পুরহাট পৌরসভা কার্যালয়, জয়পুরহাট।
## "নগর সমন্বয় কমিটির (TLCC) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী
## এপ্রিল-জুন/২০২০ কোয়ার্টার।

| সভার স্থান ঃ পৌর মিলনায়তন | সভার তারিখ ঃ ১৭-০৬-২০২০ খ্রিঃ | সভার সময় ঃ বেলা ১১: ০০ ঘটিকা | সভার সভাপতি ঃ মেয়র, জয়পুরহাট পৌরসভা। |
|---|---|---|---|

**সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট –'ক' দ্রষ্টব্য**

**আলোচ্যসূচি ১ ঃ পরিশিষ্ট –'ক' দ্রষ্টব্য**

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন জয়পুরহাট পৌরসভার প্রসাশনিক কর্মকর্তা জনাব মোঃ আব্দুল হাশেম। | গত ২৫-০৩-২০২০খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | কোন সংশোধনী ছাড়াই দৃঢ়করণ করা হলো । | সভায় আলোচনাক্রমে গত ২৯-১২-২০১৯খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। |

**আলোচ্য সূচি ২ ঃ UGIAP এর Intermediate Criteria বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধvর্ষÍ গ্রহণ।**
**ক্ষেত্র-১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১.১ | - TLCC গঠন/ ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা<br>- পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা।<br>- সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা। | ত্রৈ-মাসিক ভিত্তিতে TLCC সভা যথাসময়ে অনুষ্ঠান করা হয়েছে এবং সভার কার্য বিবরণী প্রস্তুত করে সকল সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে। বর্তমান TLCC সভার কার্যবিবরণী আগামী ০৭/০৭/২০২০ ইং তারিখের মধ্যে প্রস্তুত করে PMO-তে প্রেরণ করা হবে। | সভায় আলোচনান্তে অদ্যকার TLCC-র সভার কার্যবিবরণী আগামী ০৫-০৭-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে তৈরী করে ৭-০৭-২০২০ ইং খ্রঃ তারিখের মধ্যে সকল সদস্য ও PMO-তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তী কোয়ার্টারের সভা আগামি সেপ্টেম্বর/২০২০ মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে আহবানের মতামত দেয়া হয়। | সচিব/প্রশাসনিক কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১.২ | - WC গঠন/ত্রৈমাসিক ভিত্তিতে সভা অনুষ্ঠান করা<br>- পরবর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা।<br>- সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা। | জয়পুরহাট পৌরসভার ৯টি ওয়ার্ডের এপ্রিল-জুন/২০২০ কোয়ার্টারের WC'র ত্রৈমাসিক সভা যথাসময়ে আহবান করে যথানিয়মে সম্পন্ন করা হয়েছে। কার্যবিবরণী প্রস্তুত করা হয়েছে এবং নয়টি ওয়ার্ডের WC সভার কার্যবিবরণী ও গুরুত্বপূর্ণ ইস্যুসমুহ অদ্যকার TLCC সভায় উথাপিত করে আলোচনা করা হয়। | চলতি বৎসরের ৩য় কোয়ার্টারে ৯টি ওয়ার্ডে WC কমিটির রেজুলেশন তৈরি করে সকল সদস্যদের বিতরন ও পিএমও অফিসে প্রেরণ করার জন্য সচিব, জয়পুরহাট পৌরসভা WC কমিটির সদস্য সচিব কে নির্দেশ প্রদান করেন। | আহ্বায়ক WC কমিটি /সচিব ও সদস্য-সচিবগণ ওয়ার্ড কমিটির । | |
| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
| ১.৩ | -নাগরিক সনদ (CC) তৈরী/ প্রয়োজনীয় সংশোধন ও পরিবর্তন করা।<br>-পরিবর্তন সংযোজন পূর্বক টিএলসিসি কর্তৃক অনুমোদিত ও পৌরসভা অফিসে প্রদর্শন করা। | পৌরসভা চত্বরসহ শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ ১টি পয়েন্টে প্রর্দশিত আছে। নাগরিক সনদের সংশোধনীর লক্ষে বিভিন্ন শাখা হতে তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। | মেয়র মহোদয়ের অনুমতি সাপেক্ষে শীঘ্রই সংশোধিত নাগরিক সনদ প্রস্তুত করা হবে। | সচিব/বস্তি উন্নয়ন কর্মকর্তা, জনাব মোঃ হাসানুজ্জামান। | |
| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১.৪ | -সুনির্দিষ্ট কার্য পরিধিসহ GRC গঠন/প্রাপ্ত অভিযোগ নথিভূক্ত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা। অভিযোগসমূহের বিবরণ পৌর -পরিষদের মাসিক টিএলসিসি-এর ত্রৈমাসিক সভায় আলোচনা করা। | জয়পুরহাট পৌরসভা কার্যালয়ে অভিযোগ বাক্র স্থাপন করা হলেও বেশিরভাগ অভিযোগ সরাসরি পৌরসভার পত্র গ্রহণ শাখায় ও কাউন্সিলরগনের মাধ্যমে অফিসে জমা হয়। এই কোয়াটারে মোট ১৭ টি অভিযোগ পাওয়া যায়। তার মধ্যে পুরুষ ১৩ জন ও মহিলা ০৪ জন। এর মধ্যে ১৭ টি গুরুত্বপূর্ণ। অভিযোগ গুলোর মধ্যে আছে পারিবারিক সীমানা নির্ধারণ, পাওনা টাকা আদায়, জমি জবরদখল । সকল অভিযোগ রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়। সকল অভিযোগ আমলে নিয়ে মোট ১৭ টি অভিযোগ নিস্পত্তি হয়েছে। তন্মধ্যে পুরুষ ১৩ টি ও নারী ০৪ টি। | প্রত্যেক কোয়ার্টারে অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে নিস্পত্তির সিদ্ধান্ত গৃহীত হলো। | সচিব/ সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর, সভাপতি অভিযোগ প্রতিকার সেল / প্রশাসনিক কর্মকর্তা। | |

## ক্ষেত্র-২ ঃ নগর পরিকল্পনা (Urban Planning)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২.১ | ক) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন:<br>PDP অনুসারে উন্নয়ন কার্যক্রম গৃহীত। | - অত্র পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ এ,টি,এম মোস্তাফিজুর রহমান UGIIP-III প্রকল্পের এডভান্সড পর্যায়ে বাস্তবায়নের জন্য মোট ৩ টি প্যাকেজে অবকাঠামো নির্মাণের কাজ চলমান আছে। প্রথম প্যাকেজে (UGIIP-III-2/JOYP/UT+DR/01/2016) আছে: ৮ টি রাস্তা (৭৭৭৬ মিটার) ও ৮ টি ড্রেন (৩৬৪৯ মিটার)। উন্নয়ন কাজের গড় অগ্রগতি প্রায় ১০০% ।<br>দ্বিতীয় প্যাকেজে (UGIIP-III-2/ JOYP /UT+DR/02/2016) আছে: ১৩ টি রাস্তা (মোট ৭৮৭৭ মিটার) ও ১৬ টি ড্রেন (৪৩৯০ মিটার)। কাজের গড় অগ্রগতি ১০০%; ।<br>তৃতীয় প্যাকেজে (UGIIP-III-2/ JOYP /UT+DR/03/2016) আছে: ১০ টি রাস্তা (৮৩৩১ মিটার) ও ১২টি ড্রেন (৪২৬০ মিটার) নির্মাণ। কাজের গড় অগ্রগতি ১০০% ।<br>তৃতীয় প্যাকেজে (UGIIP-III-2/ JOYP /WS/01/2016) আছে: পানির সরবরাহ,লাইন নির্মাণ ও অবকাঠামো নির্মাণ। কাজের গড় অগ্রগতি ৯৫% ।<br>তৃতীয় প্যাকেজে (UGIIP-III-2/AF/ JOYP /SWM+SN/01/2017) আছে: পয়ঃনিস্কাষন, ও অবকাঠামো নির্মাণ। কাজের গড় অগ্রগতি ৭০ % । | -উন্নয়ন কাজসমূহ নিয়মিতভাবে তদারকি করতে হবে এবং কাজের অগ্রগতির প্রতিবেদন পিএমও অফিসে প্রেরণসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।<br>-কাজের গুণগত মান নিশ্চিত করতে হবে।<br>-যে কোন অবকাঠামো উন্নয়ন কাজ পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) অনুসারে এবং টিএলসিসি সভায় অনুমোদন নিয়ে করতে হবে। কাজের অগ্রগতি জানাতে হবে।<br>-সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত সাব-প্রজেক্টগুলো জনগুরুত্বপূর্ণ ও পিডিবিতে অন্তর্ভূক্ত থাকায় প্রস্তাব মোতাবেক পরিবর্তনের মতামত দিয়ে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় । | নির্বাহী প্রকৌশলী<br>ও<br>সহকারী প্রকৌশলী | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২.২ | খ) উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণঃ<br>-নগর পরিকল্পনা ইউনিট চলমান<br>-কমপক্ষে ৬৫% ইমারত নির্মাণ/ পুনর্নির্মাণ/ভূমি উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ আরোপিত<br>-সরকারি জমিতে (নদী, খাল, খাস জমি ইত্যাদি) অবৈধ প্রবেশের ফলপ্রসু নিবারণ কার্যকর। | - নগর পরিকল্পনা ইউনিট চলমান রয়েছে। নিয়মমাফিক অত্র ত্রৈমাসিকে নগর পরিকল্পনা ইউনিটের একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং রেজুলেশন প্রস্তুত করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী, নগর পরিকল্পনা ইউনিটের কার্যবিবরণীর প্রধান প্রধান বিষয়গুলা উল্লেখ করেন।<br>- সহকারী প্রকৌশলী বলেন, পৌরসভার অভ্যন্তরে ইমারত নির্মাণ করতে হলে পৌরসভার অনুমোদন নিতে হয়। চলতি কোয়ার্টারে মোট ১০ টি নক্সা ইমারত নক্সা অনুমোদন কমিটি'র সভায় উপস্থাপন করা হয়। যাচাই-বাছাই করে উক্ত কমিটি প্ল্যানগুলো অনুমোদনের ব্যাপারে সিদ্ধান্ত দেন। দাখিলকৃত নক্সাগুলোর মধ্যে ৩০ (গত কোয়ার্টারসহ) ৩০ টি নক্সার আবেদনকারীকে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল এবং/সংশোধনের জন্য নোটিশ দেওয়া হয়েছে। সরকারি জমিতে (নদী, খাল, খাস জমি ইত্যাদি) অবৈধ প্রবেশের ফলপ্রসু নিবারণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত সরকারি অবৈধ দখলের বিষয় পৌর কর্তৃপক্ষের নজরে আসেনি। ভূমি উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণের জন্য দরকার ভূমি ব্যবহার পরিকল্পনা সমন্বিত মাস্টার প্ল্যান। সম্প্রতি UGIIP-III প্রকল্পের আওতায় অত্র পৌরসভার মাস্টার প্ল্যান প্রণয়নের কাজ সম্পূর্ণ প্রায়। ভূমি ব্যবহার পরিকল্পনা না হওয়া পর্যন্ত আপাততঃ পিডিপি (২০১৪-২০২০) গাইডলাইন অনুসরণ করা হচ্ছে। | - পৌরসভার অনুমোদন ব্যতিরেকে ইমারত নির্মাণ শুরু করলে নোটিশ প্রদান করে কাজ বন্ধ করে দিতে হবে। ভূমি উন্নয়ন কার্যক্রমের উপর নিয়ন্ত্রণ আরোপ করতে হবে। সরকারি পুকুর ভরাট করার চেষ্টা করলে তা বন্ধ করতে হবে। কেউ পুকুর খনন করতে চাইলেও বিধি মোতাবেক পৌরসভার অনুমোদন নিতে হবে, যাতে মাটি/পাড় ভেঙ্গে পার্শ্ববর্তী রাস্তা বা অন্যের সম্পত্তির কোন ক্ষতি না হয়।<br>- মাস্টার প্ল্যান বা মহাপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ভৌত অবকাঠামোর কাজ নিয়মিত তদারকিতে রাখতে হবে।<br>- সরকারি জমিতে (নদী, খাল, খাস জমি ইত্যাদি) অবৈধ প্রবেশের ফলপ্রসু নিবারণ কার্যক্রম চালু রাখতে হবে। সরকারি দখল যাতে রোধ করা যায় সেজন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে। | নির্বাহী প্রকৌশলী এবং নগর পরিকল্পনা ইউনিটের সদস্য-সচিব সহকারী প্রকৌশলী (সিভিল) | |
| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | গ) বাজেট বরাদ্দসহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়নঃ<br>-O&M Plan প্রস্তুত, অনুমোদিত, বাস্তবায়িত এবং পৌরসভার ওয়েবসাইটে প্রকাশিত<br>-প্রতি বছর কমপক্ষে ৫% বাজেট বরাদ্দ বৃদ্ধি। | সভায় সহকারী প্রকৌশলী জনাব এ, টি, এম মোস্তাফিজুর রহমান বলেন O & M খাতে ২০১৯-২০ অর্থবছরে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ খাতে ২১,৭১,০৭৩.০০/- (সংশোধিত) টাকা বাজেট রাখা হয়েছে । বর্তমান কোয়ার্টারে O & M খাতে COVID-19 এর প্রভাবে ব্যয় করা হয়নাই। বর্তমান কোয়ার্টার পর্যন্ত O & M খাতে সর্বমোট ২৪,১০,৯৯৮.০০/- টাকা ব্যয় হয়েছে। O&M Plan টি www.joypurhatpourashava.org ওয়েবসাইটে বিস্তারিত প্রকাশ করা হয়েছে। | -O&M Plan টি সঠিকভাবে বাস্তবায়ন, টিএলসিসি সভায় আলোচনা এবং পৌরসভার ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী | |

## ক্ষেত্র-৩ ঃ মহিলা ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভূক্তিকরণ (Women Participation)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩.১ | -আলোচ্য বিষয় ও কার্যবিবরণী প্রস্তুত ও প্রকাশসহ নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>-কার্যক্রম ও দায়-দায়ীত্বসহ GAP TLCC কর্তৃক অনুমোদিত<br>-রাজস্ব বাজেট হতে তহবিল বরাদ্দ করে পরিকল্পনা অনুযায়ী GAP কার্যক্রম বাস্তবায়িত। | GAP বাস্তবায়নের জন্য ২০১৯-২০ অর্থবছরে পৌরসভার রাজস্ব বাজেট হতে **১১,৬৬,২২৭/-** (সংশোধিত) টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং বরাদ্দকৃত বাজেট অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রনয়ন করা হয়েছে। নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি *মোছাঃ ফেন্সি আরা* বলেন, ২০১৯-২০অর্থবছরের বর্তমান কোয়াটারে ৪,৬৪,২৭০/- টাকা সহ মোট জেন্ডার একশন প্লান বাস্তবায়নে ১১,৫০,৮৭৭/-টাকা ব্যয় করা হয়েছে।<br><br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভা ৩ টির মধ্যে ৩ টি অনুষ্ঠিত হয়েছে; উক্ত ত্রৈমাসিকে মোট উপস্থিতি ১৮ জন, যার মধ্যে নারী ৮ এবং পুরুষ ১০ জন। নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি'র সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়িত কাজগুলো বর্ণনা করা হয়। অত্র কোয়ার্টারে প্রকল্পের সিদ্ধান্ত অনুযায়ি COVID-19 করোনা ভাইরাসের করনে ৯ টি ওয়ার্ডে মোট ৯ টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সেখানে COVID-19 করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা মুলক বিস্তারিত আলোচনা, যৌতুকপ্রথা, কর আদায়, শাক-সবজী চাষ,বাল্য বিবাহ প্রভৃতি নিয়ে আলোচনা করা হয়েছে | -সঠিকভাবে GAP বাস্তবায়ন করে বাস্তবায়নের অগ্রগতি জানানো হবে<br>- নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি'র সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়িত কাজগুলো অনুমোদন দেওয়া হয়।<br>- প্রকৃত অসহায় নারীদের চিহ্নিত করে তাদেরকে আর্থিক অনুদান, শিক্ষা ও চিকিৎসা সহায়তা প্রদানের উদ্যোগ নেওয়া এবং নারী বান্ধব অবকাঠামো নির্মাণের সিদ্ধান্ত হয়। | সভাপতি, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, সাচিবিক দায়িত্বপ্রাপ্ত বস্তি উন্নয়ন কর্মকর্তা । | |
| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩.২ | - আলোচ্য বিষয় এবং কার্যবিবরণী প্রস্তুত ও প্রকাশসহ নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>-কার্যক্রম ও দায়-দায়িত্বসহ PRAP TLCC কর্তৃক অনুমোদিত<br>-রাজস্ব বাজেট হতে তহবিল বরাদ্দ করে পরিকল্পনা অনুযায়ী PRAP বাস্তবায়ন। | PRAP বাস্তবায়নের জন্য ২০১৯-২০ অর্থবছরে পৌরসভার রাজস্ব বাজেটে হতে ২৬,৬৮,১৮৪/- (সংশোধিত) টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং বরাদ্দকৃত বাজেট হতে ত্রৈমাসিক ভিত্তিতে বার্ষিক কর্মপরিকল্পনা প্রনয়ন করা হয়েছে। পরিকল্পনা অনুযায়ী PRAP বাস্তবায়নের লক্ষ্যে বর্তমান কোয়ার্টারে ১৩,৫৩,৩০৫/- টাকা সহ মোট ২৬,৬৭,১৯০/- টাকা ব্যয় হয়েছে। এসব অর্থ দরিদ্র পুরুষদের আর্থিক অনুদান, দরিদ্র পুরুষদের মাঝে ঔষধ বিতরণ সহ COVID-19 করোনা ভাইরাসের জন্য বিভিন্ন ধরনের সাহায্য সহ প্রভৃতি খাতে খরচ করা হয়েছে। এপ্রিল-জুন/২০২০ ত্রৈমাসিকে দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির ৩ টি সভার মধ্যে ৩ টিই অনুষ্ঠিত হয়েছে; উক্ত ত্রৈমাসিকে মোট সদস্য উপস্থিতি ২০ জন। যার মধ্যে নারী ৮ এবং পুরুষ ১২ জন। দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মোঃ বিপুল খান স্থায়ী কমিটির সভায় আলোচিত বিষয় ও সিদ্ধান্তসমূহ বর্ণনা করে টিএলসিসি'র সভায় অনুমোদন প্রদানের জন্য সুপারিশ করেন। | -সঠিকভাবে PRAP বাস্তবায়ন করে বাস্তবায়নের অগ্রগতি জানানো হবে।<br>-দারিদ্র্য নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীসমূহ অনুমোদন দেওয়া হয়। | দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি, সদস্য-সচিব, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩.৩ | বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠন | দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মোঃ বিপুল খান বলেন, ৭ টি বস্তিতে এসআইসি কমিটি গঠন করা হয়েছে এবং নিয়মিতভাবে মাসিক সভা অনুষ্ঠান করা হচ্ছে। অত্র কোয়ার্টারে COVID-19 করোনা ভাইরাসের কারণে মোট ৭টি সভা অনুষ্ঠিত হয়েছে। মোট সদস্য উপস্থিতি ৭১ জন । নারী ৬১ জন ও পুরুষ ১০ জন। কমিটিগুলোতে নারীদের প্রতিনিধিত্ব রয়েছে এবং সামগ্রিকভাবে ৯৮% এর অধিক নারী সদস্য রয়েছে। তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্পের আওতায় সবগুলো বস্তিতে প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক বস্তির অবকাঠামোসমূহের নির্মাণ কাজ ৭০% সম্পন্ন করা হয়েছে এবং বিল ভাউচার পি এম ও অফিসে প্রেরণ করা হয়েছে। | -৭ টি বস্তিতে এসআইসির সভাপতি ও সদস্য সচিবের তত্ত্বাবানে এবং এসআইসির সকল সদস্যদের অংশগ্রহনে বস্তির অবকাঠামোসমূহের চলমান নির্মাণ কাজ সম্পন্ন করা সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, সদস্য-সচিব, দারিদ্র্য হ্রাসকরণ ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, সহকারী প্রকৌশলী (সিভিল), বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। | |

**ক্ষেত্র-৪ ঃ স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি ।**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪.১ | হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ। | চলতি অর্থ বছরে সরকারি ও প্রাইভেট মিলে পৌরকরের মোট দাবী ১৮,৯৭২,৮৪৯.০০/- টাকা। এপ্রিল-জুন/২০২০ কোয়ার্টারে আদায় হয়েছে ৫১,৭৩,২৭৯.০০/- টাকা। চলতি অর্থবছরে মোট ১৬,৮৯৪,৯১৯.০০/-টাকা আদায়ের হার ৮৯% । | নতুন এ্যাসেসমেন্ট মোতাবেক যে পৌরকর ধার্য করা হয়েছে তা সময়মত পরিশোধের জন্য জনগণকে উদ্বুদ্ধ করার এবং পরবর্তীতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের মাধ্যমে কর আদায়ের হার কমপক্ষে ৯৫% করার মতামত দিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ এ্যাসেসর/সহকারী কর আদায়কারীগণ। | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪.২ | পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যতীত)। | হিসাব রক্ষণ কর্মকর্তা জানান, চলতি অর্থ বছর ২০১৯-২০২০ তে পরোক্ষ কর ফি আদায়ের লক্ষমাত্রা মোট ৭৩,৮৪৭,৯৩৪.০০/- টাকা। চলতি অর্থ বছর এপ্রিল-জুন/২০২০ কোয়ার্টারে আদায় হয়েছে ১৪,৩৭০,৯০৮.০০/-টাকা। চলতি অর্থবছরে মোটআদায় ৬৪,০৭১,৮৯৩.০০/-টাকা। আদায়ের হার ৮৭%। | পরোক্ষ কর আদায়ের সাথে সম্পৃক্ত শাখা গুলো কে তাদের স্ব স্ব শাখার ২০১৯-২০২০ অর্থ বছরের লক্ষমাত্রা অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা/বাজার পরিদর্শক/লাইসেন্স পরিদর্শক | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪.৩ | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ। | সভায় পৌর পানি সরবরাহ শাখার তত্ত্বাবধায়ক ও সহকারী প্রকৌশলী (পানি) জনাব মোঃ খালেদুল হক সাহেব সভায় জানান ২০১৯-২০২০ অর্থ বছরে পানির বিলের মোট দাবীর পরিমাণ **১৩,৯২৫,৯৪৮.০০/- টাকা**। চলতি অর্থ বছর এপ্রিল-জুন/২০২০ কোয়ার্টারে আদায় হয়েছে ৩৩,৬৯,১০২.০০/-টাকা। চলতি অর্থবছরে মোট আদায় ১১,২০১,৮৮৪.০০/- আদায়ের হার ৮০%। | মাঠকর্মীদের মাধ্যমে পানির বিল আদায় তদারকি বৃদ্ধি করা। পানির বিল প্রিন্ট করে গ্রাহক পর্যায়ে যথাসময়ে পৌঁছানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/নির্বাহী প্রকৌশলী/তত্ত্বাবধায়ক (পানি সরবরাহ) ও বিল ক্লার্ক। | |

## ক্ষেত্র-৫ ঃ আর্থিক দায়বদ্ধতা এবং স্থায়িত্বশীলতা

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫.১ | সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)। | আলোচনায় পৌরসভার সচিব সাহেব জানান নাগরিক সমাজ ও টিএলসিসি'র সদস্যদের মতামত নিয়ে ২০২০-২০২১ অর্থ বছরের খসরা বাজেট তৈরী করে বিশেষ টিএলসিসি সভায় উপস্থাপন করা হয়েছে এবং পরিষদের সভায় বাজেট অনুমোদন করা হয়েছে। | ২০২০-২০২১ অর্থ বছরের বাজেট প্রস্তুত করে বিশেষ টিএলসিসি সভার আয়োজন করে উপস্থাপন করা হয়েছে এবং পরিষদে অনুমোদন হয়েছে। | মেয়র, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি, সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব রক্ষক। | |
| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
| ৫.২ | অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)। | উক্ত কমিটির সভাপতি জনাব, মোঃ সাহেদুল আশরাফুজ্জামান এম এ প্রিন্স জানান, প্রতি অর্থবছর শেষ হওয়ার পর অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা হয়ে থাকে। প্রতিবারের মত এবারেও অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রতিবেদন সভায় পেশ করা হয় এবং সভায় প্রতিবেদন পর্যালোচনা করা হয়। | আগামী অর্থ বৎসরের অডিট যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি/সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষক, জয়পুরহাট পৌরসভা। | |
| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
| ৫.৩ | -কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থার প্রবর্তন/চলমান রাখা।<br>-মাসিক ভিত্তিতে হিসাব প্রতিবেদন প্রস্তুত, মেয়র এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা। | হিসাব রক্ষক কর্মকর্তা জনাব, মোঃ জুলফিকার আলী জানান, একাউন্টিং সফটওয়ার এর মাধ্যমে হিসাব সচল রাখা হয়েছে। পৌর পরিষদের মাসিক সভায় কম্পিউটারাইডজ হিসাব বিবরণী উপস্থাপন এবং ত্রৈমাসিক রিপোর্টি প্রকল্প অফিসে প্রেরণ করা হয়। | এ প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত। | সভাপতি, সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি/সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা। | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫.৪ | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ। | পৌরসভার বিদ্যুৎ শাখার উপ-সহকারী প্রকৌশলী(বিদ্যুৎ) এর সরবরাহকৃত প্রাপ্ত তথ্য অনুযায়ী জানা যায় ২০১৯-২০ অর্থ বছরের এপ্রিল-জুন/২০২০ কোয়ার্টার পর্যন্ত মোট বিদ্যুৎ বিল প্রাপ্তি ৫০,৫৫,১২৯.০০/-টাকা। এবং পরিশোধিত বিদ্যুৎ বিলের পরিমান ৪১,৮৮,৭০৪.০০/-টাকা। পরিশোধের হার ৮৩%।<br>টেলিফোন বিলের পরিমান বর্তমান কোয়ার্টার পর্যন্ত ১১,২১৯.০০/-। এবং পরিশোধের পরিমান ১১,২১৯.০০/-। পরিশোধের হার ১০০%। | নিয়মিত বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ রাখা। | সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা এবং উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) ও তত্ত্বাবধায়ক পৌর পানি সরবরাহ শাখা। | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫.৫ | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন। | স্থায়ী সম্পদের তালিকা তৈরী করে রেজিস্টার খোলা হয়েছে এবং স্থায়ী সম্পদের ডাটাবেজ তৈরি করা হয়েছে, যা নিয়মিত হালনাগাদ করা হয়। | হালনাগাদ কাজ চলমান রাখা। | সচিব/ হিসাব রক্ষণ কর্মকর্তা/স্টোর কিপার | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫.৬ | সকল সরকারী ঋণ পরিশোধ সংক্রান্ত ' | সভাপতি সাহেবের অনুমতিক্রমে পৌরসভার হিসাব রক্ষক কর্মকর্তা জানান বিএমডিএফ-২ লোন গ্রহণ করা হয়েছে সুদসহ মোট ৩,১৭,৮৫,৯৫৩-টাকা। পরিশোধ যোগ্য ১৪,৯৫৪,০৪০/- টাকা এ পর্যন্ত পরিশোধ করা হয়েছে ৭৭,৫২,৬৭২.০০/- টাকা। পরিশোধের হার ৫২% | লোন পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সচিব এবং হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। | |

## ক্ষেত্র-৬ ঃ প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৬.১ | স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)। | চলতি এপ্রিল-জুন/২০২০ কোয়ার্টারে স্থায়ী কমিটিগুলোর মোট ১২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী ও গৃহীত সিদ্ধান্ত অদ্যকার সভায় উপস্থাপন ও অবহিত করা হয়। উপস্থিত সকলে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ অনুমোদনের পক্ষে মতামত দেন। | আগামী কোয়ার্টারে ও নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা করা হবে। | সচিব ও স্থায়ী কমিটিগুলোর সদস্য-সচিব। | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৬.২ | সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ। | প্রসাশনিক কর্মকর্তা জানান, চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে প্রশিক্ষণ বাবদ ৫,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে । ২০১৯-২০ অর্থ বছরের প্রশিক্ষণের জন্য ব্যয় করা হয়েছে ১,২৫,৭৩৭/- টাকা। | আগামী জুলাই-সেপ্টেম্বর/২০২০ কোয়ার্টারে পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রসাশনিক কর্মকর্তা। | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৬.৩ | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা)। | জয়পুরহাট পৌরসভার নিজস্ব একটি ওয়েবসাইট তৈরী করা হয়। পৌরসভার ওয়েবসাইটে পৌরসভার প্রয়োজনীয় তথ্য নিয়মিত হালনাগাদ করা হয়। এর ঠিকানা www.joypurhatpourashava.org . এছাড়া যে কেউ www.paurainfo.gov.bd এই এ্যাড্রেসে ব্রাউজ করে পৌরসভার সকল তথ্য জানতে পারবেন। | এ ধারা অব্যাহত থাকবে। | সচিব ও মোঃ জাকির হোসেন, (কম্পিউটার অপারেটর) | |

## ক্ষেত্র-৭ ঃ পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭.১ | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা। | পৌরসভার রাস্তা-ঘাট পরিস্কার-পরিচ্ছন্ন করা, বর্জ্য সংগ্রহ ও অপসারণের কাজ নিয়মিতভাবে করা হচ্ছে। সভাপতি সাহেব জানান শহর পরিস্কার-পরিচ্ছন্নতার কাজে জনগণের সচেতনতা ও সহযোগিতা দরকার। শহর এখন আগের চেয়ে অনেক পরিচ্ছন্ন। তিনি এ কাজে সকলের সহযোগিতা কামনা করেন। বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বাবদ ২০১৯-২০ অর্থ বছরে এ খাতে ১,৫৭,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। যার বিপরিতে চলতি কোয়ার্টার পর্যন্ত ব্যয় হয়েছে ১৩,০০০,০৯২/- টাকা। TLCC সন্তুষ্টির মাত্র ৯৪%। | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা আরো গতিশীল করার মতামত ও সন্তুষ্টির মাত্রা ১০০% ধরে রাখা। গৃহস্থালীর বর্জ্য সংগ্রহের ক্ষেত্রে পঁচনশীল, অপঁচনশীল বর্জ্য আলাদা করণে নাগরিক সচেতনতা বৃদ্ধি মূলক কর্মসূচী গ্রহন। | সচিব, স্যানিটারী ইন্সপেক্টর ও কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, জয়পুরহাট পৌরসভা। | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৭.২ | ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ। | সভাপতি মহোদয় সকলকে অবগত করেন যে, পৌরসভার প্রাইমারি ও সেকেন্ডারী সকল ড্রেন পরিচ্ছন্ন কর্মী দ্বারা নিয়মিতভাবে পরিস্কার পরিচ্ছন্ন করা হয়। কাউন্সিলর জনাব মোঃ সেলিমুর রহমান বাবুল বলেন যে, বর্তমানে শহরের প্রায় সকল ড্রেন নতুন ভাবে নির্মাণ করা হয়েছে। ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষণ বাবদ ২০১৯-২০ অর্থ বছরে এ খাতে ১,৩০,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে যার বিপরিতে ব্যয় হয়েছে ১০,৬৯৭,৪৯১/- টাকা। TLCC সন্তুষ্টির মাত্র ৯৪%। | জনগণের সন্তুষ্টির মাত্র শতভাগ ধরে রাখর লক্ষ্যে সকল ড্রেন নিয়মিতভাবে এবং মাঝে মাঝে বিশেষ উদ্যোগ নিয়ে পৌরসভার সকল ড্রেন পরিস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্যানিটারী ইন্সপেক্টর ও কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, জয়পুরহাট পৌরসভা। | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭.৩ | সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা। | পৌরসভার প্রায় ৯৮% এলাকা সড়ক বাতির আওতায় আছে। এছাড়াও বিশেষ ব্যবস্থায় অনেক এলাকায় আলোর ব্যবস্থা করা হয়েছে। সভাপতি সাহেব জানান সড়ক বাতি সচল রাখার জন্য আমরা তৎপর। সড়কের যে বাল্বগুলো ফিউজ হচ্ছে সেগুলো পরিবর্তন করে সচল করা হচ্ছে। এটি চলমান প্রক্রিয়া, কোথাও বাল্ব নষ্ট হলে তৎক্ষনিক সচল করার ব্যবস্থা গ্রহণ করা হয়। চলতি ২০১৯-২০২০ অর্থবছরে সড়ক বাতি কার্যকর রাখার জন্য এ খাতে বরাদ্দ ৪০,৫০,০০০/- টাকা রাখা হয়েছে। ব্যয় হয়েছে ৫,২১,২৬৪/- টাকা। TLCC সন্তুষ্টির মাত্র ৯৭%। | অকার্যকর সড়কবাতির তথ্য জানা অন্তে দ্রুত সচল করনের ব্যবস্থা গ্রহন। | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) জয়পুরহাট পৌরসভা। | |
| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
| ৭.৪ | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকর করণ। | Mobile Maintenance Team গঠন করা হয়েছে। সভাপতি সাহেব জানান ছোট ছোট মেইটেন্যান্স কাজ সবসময়ই করা হয়। সহকারী প্রকৌশলী জানান চলতি ২০১৯-২০২০ অর্থবছরে মোবাইল মেইনটেন্যান্স খাতে বরাদ্দ ১,৫০,০০০/- টাকা রাখা হয়েছে। ব্যয় হয়েছে ৪৯,৬২১/- টাকা। মোবাইল মেইটেন্যান্স কাজের কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে। TLCC সন্তুষ্টির মাত্র ৯৮% | মোবাইল মেইনটেন্যান্স টিমের কার্যক্রম চলমান রাখার মতামত দিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা। | |
| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
| ৭.৫ | স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা। | স্যানিটেশন কার্যক্রম চলমান আছে। সচিব সাহেব জানান চলতি ২০১৯-২০২০ অর্থবছরে স্যানিটেশন খাতে ১,৫০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। ইজারাদার কর্তৃক পরিষ্কার পরিচ্ছন্ন করা হয়। বর্তমান কোয়ার্টার পর্যন্ত ১৫০,০০০/- টাকা ব্যয় হয়েছে। TLCC সন্তুষ্টির মাত্র ৯৫% | পৌরসভার পাবলিক টয়লেট সমূহ ইজারাদাররা নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা করছে কি না তা পৌরসভার মাধ্যমে পর্যবেক্ষণ করা। | স্যানিটারী ইন্সপেক্টর ও কঞ্জারভেন্সী ইন্সপেক্টর, জয়পুরহাট পৌরসভা। | |

আলোচ্যসূচি ১৩-এ বিবিধ আলোচনা

১। মোছাঃ আইরিন সুলতানা, এনজিও প্রতিনিধি, COVID-19 করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা মুলক বিভিন্ন কর্যক্রম গ্রহণ করা এবং দরিদ্র সমাজের মাধে বিভিন্ন ধরনের সাহায্য সহযোগিতা জন্য অনুরোধ করেন এবং স্বাস্থ্য বিধি সহ সামাজিক দুরুত্ব বজায় রাখার জন্য সকলের প্রতি আহবান জানান।

২। পপি বেগম দরিদ্র শ্রেনির প্রতিনিধি বলেন, COVID-19 করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা মুলক প্রচার প্রচারনা সহ হত দরিদ্রদের মাঝে আর্থিক সহযোগিতা সহ সুকনা খাবার এবং পরিস্তার পরিচ্ছন্ন তার জন্য বিভিন্ন ধরনের উপকরন বিতরণ করা যেতে পাবে বলে প্রস্তাব করেণ।

০৩। কাউন্সিলর ইকবাল হোসেন সাবু সাহেব COVID-19 করোনা ভাইরাস সম্পর্কে সচেতনতা মুলক বিস্তারিত আলোচনা করেন এবং পৌরসভার সকল জনপ্রতিনিধিদের কাছে সে অনুযায়ী কাজ করার অনুরোধ জানান ।

০৪। মিসেস রোজি বেগম, মহিলা কাউন্সিলর বলেন, পৌরসভার তত্ত্বাবধানে মডেল সরকারী প্রথমিক বিদ্যালয়ে যে নারী কর্ণার আছে তার সংস্কার করা অতিব জরুরী। তিনি মেয়র মহোদয়কে এ বিষয়টি অতি জরুরী ভাবে সংস্কার করার জন্য বিষেশ ভাবে অনুরোধ করেন।

০৫। কাউন্সিলর বুলু সাহেব বলেন, পৌরসভার বিভিন্ন উন্নয়ন মূলক কাজের জন্য সবার সহযোগিতা কামনা করেণ। এছাড়া মাদকের বিরুদ্ধে সকলকে সোচ্চার হওয়ার আহ্বান জানান।

মেয়র মহোদয়, জয়পুরহাট পৌরসভা উপস্থিত সদস্যদের আলোচনা মনোযোগ সহকারে শোনেন এবং উল্লেখিত সদস্যদের সমস্যাগুলি পর্যায়ক্রমে সমাধানের আশ্বাস প্রদান করেন। আগামী রমজানের আগে পানির সমস্যা সমাধার করার কথা বলেন।এছাড়া পূর্ব সবুজনগর এলাকায় ময়লা আবর্জনা ক্যারিং করার জন্য পৌরসভার একটি ভ্যান গাড়ী বরাদ্দের কথা বলেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মেয়র
ও
সভাপতি, TLCC
জয়পুরহাট পৌরসভা
১৪/৫/২০

স্মারক নং- জঃপৌঃসঃ/সাধা/২০১৯-২০২০/ ২২২/৫
তারিখঃ- ১৪/৫/২০

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ**

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্প, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। টিম লিডার, জিআইসিডি, GICD , UGIIP-III, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৪। রিজোনাল কো-অর্ডিনেটর, GICD, UGIIP-III, বগুড়া।

৫। জনাব/বেগম........................................................সদস্য/সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), জয়পুরহাট পৌরসভা।

৬। অফিস নথি।

মেয়র
ও
সভাপতি, TLCC
জয়পুরহাট পৌরসভা
১৪/৫/২০